

চলনা কিশোরী হবে

বহুদিন আগে;
কোন এক বিকেলের মায়াময় সাঁঝে,
তুমিওতো ছিলে মেয়ে 'বেতাগী'র মাঝে।
সেদিন ছিলো কি পায়ে রূপোর নূপুর?
বাতাসে মিশে কি নেই সেদিনের সুর?

বিশখালী নদী;
ধুয়ে মুছে দিয়ে গিয়ে রাঙা পদতল,
মাতাল হত কি তার সবটুকু জল?
জলের উপরে জল উঠেছে তখন,
তোমায় ছুঁয়ে কি তবে ভরেছিলো মন?

মনে কি পড়ে, কীর্তনখোলায়;
একদিন পালের নৌকায়,
তুমিও যে,
ভেসেছিলে বাংলার মেয়ে এক হয়ে,
আজও হৃদয়ে সে দাগ তার, যায়নিতো ক্ষয়ে।

ঘুম ঘুম চোখে, ভীরা দুটি পায়,
তুমিওতো ছুটে যেতে শিউলি তলায়।
ভোরের আলোয়;
দেখিতে তোমার সেই হৃদয়ের নাচ,
তোমায় হারিয়ে খোঁজে শিউলির গাছ।

মেয়ে ;
এইসব কথা সব বড় পরিচিত,
তরুনী সেজেছো আজ, কিশোরি মৃত।
আবার সেদিনে ফিরে হবে কি বিলীন?
চলনা কিশোরী হবে, আজ জন্মদিন।

পরশপাথর

২৬ শে জুন, ২০০৮